

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
সওজ গেজেটেড সংস্থাপন শাখা  
[www.rthd.gov.bd](http://www.rthd.gov.bd)


নং: ৩৫.০০.০০০০.০২২.২৭.০০১.১৫-৫৬১

তারিখ: ১৯-০৭-২০১৫

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

উপরোক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সড়ক ও জনপথ অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন জাতীয় মহাসড়ক, আঞ্চলিক মহাসড়ক এবং জেলা মহাসড়ক সার্বক্ষণিক চলাচল উপযোগী রাখার জন্য মাঠ পর্যায়ের প্রস্তুত অনুযায়ী প্রতিবছর অর্থ বরাদ্দ করা হয়ে থাকে। ঈদ-উল-ফিতরকে সামনে রেখে গত ২৩-০৬-২০১৫ তারিখে মাননীয় মন্ত্রী সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এর সভাপতিত্বে বিয়াম ফাউন্ডেশনে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ঈদের ছুটিতে ঘরমুখো মানুষের নিরাপদ ও নির্বিঘ্ন যাতায়াত নিশ্চিত করার নিমিত্ত অন্যান্য সিদ্ধান্তের সাথে সকল জাতীয় ও আঞ্চলিক মহাসড়ক যথাসময়ে মেরামত করে উপযোগী রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু মাননীয় মন্ত্রীর পরিদর্শনকালে ফেনী ও নোয়াখালী সড়ক বিভাগের বিভিন্ন ক্ষতিগ্রস্ত সড়ক/মহাসড়ক পর্যবেক্ষণ করেন। এতে প্রতীয়মান হয় উর্ধ্বতন কর্তৃপক্ষের সুনির্দিষ্ট নির্দেশনা সত্ত্বেও ফেনী সড়ক বিভাগের আওতাধীন সড়ক/মহাসড়ক এর বিভিন্ন অংশ যথাসময়ে এবং গুণগত মান বজায় রেখে মেরামত কাজ সঠিকভাবে সম্পন্ন করা হয়নি। সামান্য বৃষ্টিতেই মহাসড়ক ইতোমধ্যে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। উল্লেখ্য, ক্ষতিগ্রস্ত ফেনী-নোয়াখালী মহাসড়কের মেরামত কাজ দ্রুত সম্পন্নের জন্য বিগত ০৪ ও ০৫ জুলাই/২০১৫ সময়ে সংশ্লিষ্ট মনিটরিং কমিটি মহাসড়ক মেরামতের জন্য সুপারিশ করে। কিন্তু এ ব্যাপারে কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি। অতিরিক্ত প্রধান প্রকৌশলী হিসেবে সংশ্লিষ্ট জোনের সার্বিক তত্ত্বাবধানের দায়িত্ব আপনার উপর ন্যস্ত। কিন্তু আপনি মাঠ পর্যায়ে সঠিক নির্দেশনা এবং তত্ত্বাবধান না করার কারণে ঈদ উপলক্ষে ঘরমুখো এবং ঈদ শেষে কর্মস্থলে প্রত্যাবর্তনকারী মানুষকে দুর্ভোগ পোহাতে হচ্ছে যা অপ্রত্যাশিত ও দুঃখজনক।

এমতাবস্থায়, যুক্তিসংগত কারণ ছাড়াই ফেনী-নোয়াখালী মহাসড়কসহ ফেনী ও নোয়াখালী সড়ক বিভাগের আওতাধীন বিভিন্ন জাতীয় ও আঞ্চলিক মহাসড়ক ক্ষতিগ্রস্ত হওয়ার বিষয়ে ব্যাখ্যা প্রদানসহ আগামী ৭(সাত) দিনের মধ্যে ক্ষতিগ্রস্ত মহাসড়ক/সড়ক/কাংশ মেরামতের জন্য সংশ্লিষ্ট সড়ক বিভাগসমূহকে নির্দেশনা দানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। নির্দেশনা প্রতিপালনে ব্যর্থ হলে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।



(ড. কামরুল আহসান)

উপসচিব

ফোনঃ ৯৫৮৫২৫৭

প্রাপকঃ

জনাব জুনাইদ আহমেদ শিবিব  
অতিরিক্ত প্রধান প্রকৌশলী  
কুমিল্লা সড়ক জোন, কুমিল্লা

অনুলিপিঃ

- ০১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ